# রাষ্ট্রপতি-প্রধানমন্ত্রীর পদবির আগে ‘মহামান্য’ ‘মাননীয়’ ব্যবহারে নিষেধাজ্ঞা




ছবি: সংগৃহীত

সরকারি দাফতারিক চিঠিপত্র, নথি ও সারসংক্ষেপে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রীসহ কয়েকটি গুরুত্বপূর্ণ পদবির আগে সম্মানসূচক শব্দ ব্যবহার করা যাবে না। ‘মহামান্য’ ও ‘মাননীয়’ ছাড়াও অন্য কোনো সম্মানসূচক শব্দ ব্যবহারে নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে।

বুধবার (৯ সেপ্টেম্বর) এ বিষয়ে পরিপত্র জারি করেছে মন্ত্রিপরিষদ বিভাগ।

পরিপত্রে বলা হয়, রাষ্ট্রীয় কাজ ও সরকারি নথিপত্রে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীর পদবির আগে ‘মহামান্য’ বা ‘মাননীয়’ লেখা যাবে না।

মন্ত্রিপরিষদ বিভাগের এই সিদ্ধান্ত বুধবার থেকেই কার্যকর হয়েছে। সরকারের সব মন্ত্রণালয়, বিভাগ এবং তাদের অধীন দফতরগুলোকে অবিলম্বে নির্দেশনাটি বাস্তবায়ন করতে বলা হয়েছে।

LENS ASIA